



রেজিস্ট্রার দপ্তর

পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

Pirojpur Science and Technology University

Office of the Registrar

Website: www.prstu.ac.bd; E-mail: registrar@prstu.ac.bd

স্মারক নং : পিবিপ্রবি/রেজিস্ট্রার দপ্তর/গুচ্ছ ভর্তি (২০২৫-২৬)/২০২৫/৬৯৬


তারিখ : ২৫ জ্যৈষ্ঠ ১৪৩৩ বঙ্গাব্দ
০৮ জুন ২০২৬ খ্রিষ্টাব্দ

কোটায় আবেদনকারীদের প্রয়োজনীয় কাগজপত্র ও যাচাই সংক্রান্ত বিজ্ঞপ্তি

২০২৫-২৬ শিক্ষাবর্ষের GST গুচ্ছভুক্ত ২০টি বিশ্ববিদ্যালয়ে ভর্তির ক্ষেত্রে কোটার কাগজপত্র ভেরিফিকেশন কাজটি ০৯-১০ জুন ২০২৬ তারিখ প্রতিদিন বেলা ১১:০০টা হতে বিকাল ৩:০০টা পর্যন্ত GST গুচ্ছভুক্ত ১৯টি বিশ্ববিদ্যালয় (নওগাঁ বিশ্ববিদ্যালয় ব্যতীত)-এ একযোগে সম্পন্ন করা হবে। কোটায় আবেদনকারীদের নিম্নবর্ণিত প্রয়োজনীয় কাগজপত্রসহ যে বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষায় (MCQ পরীক্ষা) অংশগ্রহণ করেছে সেই বিশ্ববিদ্যালয়ে সশরীরে নির্ধারিত সময়ে উপস্থিত হয়ে কোটা ভেরিফিকেশন সম্পন্ন করতে হবে। তবে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয় কেন্দ্রে ভর্তি পরীক্ষায় (MCQ পরীক্ষা) অংশগ্রহণ করা কোটায় আবেদনকারীদের GST গুচ্ছভুক্ত ১৯টি বিশ্ববিদ্যালয় (নওগাঁ বিশ্ববিদ্যালয় ব্যতীত)-এর যে কোনো একটি বিশ্ববিদ্যালয়ে সশরীরে নির্ধারিত সময়ে উপস্থিত হয়ে কোটা ভেরিফিকেশন সম্পন্ন করতে হবে। অন্যথায় কোটার সুবিধা প্রদান করা কোনোভাবেই সম্ভব হবে না।

১. FFQ - মুক্তিযোদ্ধা (সন্তান) কোটা: মুক্তিযোদ্ধার মূল সনদ, আবেদনকারীর জন্মনিবন্ধন/NID।
২. PDQ - প্রতিবন্ধী বা বিশেষ চাহিদা সম্পন্ন কোটা: সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মূল সার্টিফিকেট/সুবর্ণ নাগরিক কার্ড।
৩. SEQ - ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/উপজাতি কোটা: জেলা প্রশাসক বা সার্কেল চীফ কর্তৃক প্রদত্ত মূল সার্টিফিকেট।
৪. BKSP - বিকেএসপি (খেলোয়াড়) কোটা: বিকেএসপি-এর মূল সনদ।
৫. HDQ - হরিজন ও দলিত কোটা: জেলা প্রশাসক/উপজেলা পরিষদ/নিজ সম্প্রদায় প্রদত্ত মূল সার্টিফিকেট।
৬. NTQ-নন-ট্রাইবাল (পার্বত্য চট্টগ্রামের স্থায়ী বাসিন্দা) কোটা: রাজামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এবং পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের যে কোনো একটি বিশ্ববিদ্যালয়ে সশরীরে নির্ধারিত সময়ে উপস্থিত হয়ে কোটা ভেরিফিকেশন সম্পন্ন করতে হবে। NTQ কোটার ক্ষেত্রে জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত স্থায়ী বাসিন্দার মূল সনদ থাকতে হবে।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে


(ড. আকতার হোসেন)

রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)

পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়) :

- ১) ডিন (সকল), পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পিরোজপুর;
- ২) চেয়ারম্যান/পরিচালক/প্রক্টর/প্রভোস্ট (সকল), পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পিরোজপুর;
- ৩) পিএস টু ডিসি, পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পিরোজপুর;
- ৪) অফিস কপি।